

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৭৯৪  
আগরতলা, ১৫ জুলাই, ২০২৪

ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসব-২০২৪

কৃষ্ণমালা মঞ্চ ও হাবেলী মুক্তমঞ্চ সাংস্কৃতিক অনুষ্ঠান

ৰাজ্যের ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসব-২০২৪ গতকাল থেকে শুরু হয়েছে। ৭ দিনব্যাপী আয়োজিত খাৰ্চি উৎসবের আজ ছিল দ্বিতীয় দিন। খাৰ্চি উৎসব উপলক্ষে প্রতি বছরের মতো এবছরও তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খাৰ্চি মেলা কমিটির উদ্যোগে আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গণের কৃষ্ণমালা মঞ্চ ও হাবেলী মুক্তমঞ্চ ৩টি পর্বে এই সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। গতকাল কৃষ্ণমালা মঞ্চ সকালে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সমবেত সংগীত পরিবেশন করেন। গীতা সিংহ ও তার দল পদ্মাপুরান পাঠ করেন। সন্ধ্যায় এই মঞ্চ সিপাহীজলা জেলার শিল্পীগণ সংগীত, নৃত্য পরিবেশন করেন। এছাড়া বেলবাড়ি লোকরঞ্জন শাখার শিল্পীগণ জনজাতি লোকনৃত্য পরিবেশন করেন। রাতের অনুষ্ঠানে ১৫ জন শিল্পী একক সংগীত পরিবেশন করেন। অন্যদিকে হাবেলী মুক্তমঞ্চ আয়োজিত শিশু উৎসবে বিকালে বিভিন্ন শিশু শিল্পীরা, সমবেত সংগীত, নৃত্য, আবৃত্তি, বাদ্যযন্ত্র বাদনে অংশ নেয়।

গতকালের মতো খাৰ্চি উৎসবের দ্বিতীয় দিনে আজ কৃষ্ণমালা মঞ্চ সকালে ভক্তিমূলক সংগীত, জনজাতি লোকনৃত্য, দোতারা বাদন, পদ্মপুরান পাঠে অংশ নেন বিভিন্ন শিল্পী সংস্থার শিল্পীগণ। এছাড়া বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন অনুষ্ঠান পরিবেশন করে। সন্ধ্যায় এই মঞ্চ গোমতী জেলা থেকে আগত শিল্পীগণ একক বাদ্যযন্ত্র, সমবেত সংগীত ও নৃত্য পরিবেশন করেন। রাগিনী মিউজিক্যাল বাদন জনজাতি অনুষ্ঠান পরিবেশন করেন। বিকালে হাবেলী মুক্ত মঞ্চের শিশু উৎসবেও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সমবেত সংগীত ও নৃত্য, বাদ্যযন্ত্র বাদন পরিবেশন করে। ৯ জন শিল্পী একক সংগীত পরিবেশন করেন।

\*\*\*\*\*